জানুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৪৫তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।

তারিখ ঃ ২৬/০১/২০২৩ খ্রিস্টাব্দ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ২৮/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ	আলোচনাসমূহ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	**উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি রবি/২০২২-২৩ মৌসুমে বিগত মৌসুমের তুলনায় সরিষা ৩৩০ হেক্টর, গম ১৪৬০ হেক্টর, ও ভূট্রা ৭৬৪ হেক্টর আবাদ বৃদ্ধি পেয়েছে। উক্ত ফসলসহ রবি মৌসুমে আবাদকৃত ফসল অন্যান্য ফসল আবাদে কৃষককে প্রয়োজনীয় পরামর্শ ও নিবিড় তদারকিতে মাঠে দন্ডায়মান ফসলে রোগবালাইয়ের প্রকোপ কম আছে। অত্র উপজেলায় ৪৬৫৭ হেক্টর জমিতে বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বর্তমানে রাসায়নিক সারের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	উপজেলা কৃষি কর্মকর্ত সরকারি প্রনোদনায় কৃষি যন্ত্রপাতি, বীজ ও অন্যান্য উপকরণ বিতরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। সার ডিলার ও সাব ডিলাররা সার মজুদ করে যেন কৃষক হয়রানি না করে সে বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা যথাযথ মনিটরিং করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	উপজেলা প্রকৌশলীঃ ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্পের প্রাক্কলনের কাজ চলছে দ্রুত টেন্ডার করার জন্য সভায় আলোচনা করেন। খ) তিনি আরো জানান যে, দৌলতপুর উপজেলার বিভিন্ন স্থানে ব্যাটস্ দ্বারা মেরামত করা হয় তার বর্তমান মূল্যে নির্ধারণ করার জন্য সভায় আলোচনা করেন।	ক) দ্রুত ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ টেন্ডার করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিস্তারিত আলোচনান্তে প্রতি কিউবিক মিটার ব্যাটস্ এর মূল্যে ২৬৯২.০৩ (দুই হাজার ছয়শত বিরানব্বই টাকা তিন পয়সা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী
০৩	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নভেম্বর/২২ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতী মায়ের জন্য) ৬৩১, টিটি (টিকা সাধারণ মহিলা ২,৭১৯ ভিটামিন এ (প্রসব পরবর্তী মায়ের জন্য) ১০১, বিসিজি-(টিকা) ১০৮৮, পেন্টা-১ = ১১১৪, পেন্টা-২= ৯৪৩, পেন্টা-৩= ৮১১, এম আর টিকা ৯৫২, এমএসডি/এমআর-২(টিকা) ৯৭৩, মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম (ডিএসএফ) সংক্রান্ত ঃ কার্ড বিতরণ ৪০, প্রসব পূর্ব সেবা-১ - ২০০, প্রসব পূর্ব সেবা-২- ৯১, প্রসব পূর্ব সেবা-৩- ৫০, নরমাল ডেলিভারি ৩৫,সিজারিয়াল অপারেশন ০,	দাপ্তরিক কাজ ও বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে পালনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার

	প্রসবোত্তোর সেবা ৩৮, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। চিকিৎসা সেবা প্রদান জরুরী বিভাগ ২৩৯১, বহিঃ বিভাগ ৯০৫৯, অন্তঃবিভাগ ১৯০৪, কোভিড-১৯ নমূনা পরীক্ষা ০১,কোভিড-১৯ পজিটিভ ০, মৃত্যু নাই।		
০৪	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** ঃ ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২২ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১০,৭৭১, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৪৬০,কনডম গ্রহণ করার সংখ্যা ১৩,৪৮৭ ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০,৪২৯, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৩৯৪, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০৪০, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২০৬ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ১৯,১৩৪ মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৮,১৫০ গ্রহণ কারীর হার ৭৯.৬০ %। ডিসেম্বর/২২ খ্রিঃ মাসে ৩৭ জনকে স্থায়ী পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে।	ক) প্রাগপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পরিত্যক্ত ভবন অপসারনের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে বিধি মোতাবেক অপসারন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৫	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** ঃ ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২২ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ ক) গবাদি প্রাণির টিকাদান ঃ ৩১৯৫৩(তড়কা-১৫০০মাত্রা,ক্ষুরা-১৬৫ মাত্রা, পিপিআর-২০০০০ মাত্রা) অন্যাঃ ১০০২০ খ) হাঁসমুরগীর টিকাদান ঃ ৮২৬৯৬(রাণীক্ষেত-৭৩০০০ মাত্রা, গামবোরো-৫০০০ মাত্রা, ফাউলপক্স- ৩০০০ মাত্রা, ডাকপ্লেগ-০ মাত্রা, ফাউল কলেরা-০০ মাত্রা) গ) গবাদি প্রাণির চিকিৎসা ঃ ২৪৬১ টি(গরু-৭৬৩ টি, ছাগল-১২৫৯টি, ভেড়া/গাড়ল-৪১৮টি, মহিষ ২১টি) ঘ) হাঁস-মুরগীর টিকাদান ঃ ১৩০৫৮ টি (মরগী-১২৩১৭টি, হাঁস-৪৫০টি, কবুতর-৪১৭টি) ঙ) পোষাপ্রাণীর চিকিৎসা ঃ ৩০টি(কুকুর-০টি, বিড়াল- ৫টি,ঘুঘু-২৫টি) , ২। গবাদি প্রাণির কৃত্রিম প্রজননের সংখ্যা ঃ ১৫৮০+৭ টি, ৩। রাজস্ব আদয় ঃ -ক) টিকাবীজ বিক্রয় বাবদ ঃ ৩০১৬১০/= খ) কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৪৭৬১০/= গ) খামার রেজিষ্ট্রেশনঃ ২৫০০/- মোট = ৮০৭২০/= ৪। প্রাণিসম্পদ প্রযুক্তি ও আধুনিক ব্যবস্থাপনা সম্প্রসারণে উঠান বৈঠক আয়োজন ঃ ৩টি (অংশগ্রহণকারীর খামারীর সংখ্যা-৩৬ জন) ৫। প্রশিক্ষণ প্রাপ্ত স্বেচ্ছাসেবীগন কর্তৃক ঃ ক) গবাদিপশুর টিকাদান কাজ চলছে। খ) হাঁস-মুরগীর টিকাদান কাজ চলছে।	অত্র উপজেলায় ব্লাক বেঙ্গল ছাগলের মাংসের সম্ভাবনা ও রপ্তানির বিষয়ে করনীয় নির্ধারনের জন্য পালনকারী খামারীদের সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৬	**উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ক্যান্সার-৭৭ জন, কিডনি-২০ জন, লিভার সিরেসিস০২,জন্মগত হৃদরোগ-২৩, স্ট্রোকে প্যারালাইজড-২৫, থ্যালাসেমিয়া -০৩ জন। মোট-১৪০ জন এর আবেদন জেলা সমাজসেবা কার্যালয় প্রেরণ সম্পন্ন হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের বয়স্ক, বিধবা,অসচ্ছল প্রতিবন্ধী ভাতার ২য় কিস্তির পেরোল প্রদান সম্পন্ন হয়েছে এবং অনলাইন নতুন প্রতিবন্ধীদের পেরোল প্রেরণের কাজ প্রক্রিয়াধীন। প্রকল্পভূক্ত গ্রামের আদায় ও বিতরন কার্যক্রম চলমান।	দাপ্তরিক কাজ গতিশীল, বিদ্যমান কোন সমস্যা থাকলে তা নিরসনে কর্মপন্থা প্রনয়ণ ও তার সঠিক বাস্তবায়নের মাধ্যমে জনগনের ভোগান্তি দূর করার জন্য বলা হয়। প্রয়োজনে ভাতা সংক্রান্ত বিষয়ে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে মিটিং জন সাধারনকে উপস্থিত রেখে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কোন নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হয় তা দেখভাল করার জন্য সকলে জোরালো মত ব্যক্ত করেন।	উপজেলা সমাজসেবা

০৭	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন অবকাঠামো সংস্কার ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন ১ম কিস্তির কাজ চলমান আছে।গড় অগ্রগতি ৮০% ১ম কিস্তির কাজ বাস্তবায়নের শেষ সময় ৩০/০১/২০২২ পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্য আহবান জানানো হয়। ২। বীর নিবাসের ১ম পর্যায়ের ৯টি গৃহের কাজ বাস্তবায়নের হার ৮০% । ২য় পর্যায়ের ৯৪টি বীর নিবাসের কাজ চলমান। গড় অগ্রগতি ৩০%। ৩) এবই বিবি প্রকল্পের নোয়া প্রদান করা হয়েছে।৪) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় মুজিববর্ষ উপলক্ষে ৩টি গৃহের নির্মান কাজ এর অগ্রগতি ৯৫%।	২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামো সংস্কার(কাবিটা)/(কাবিখা) সাঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। এছাড়া প্রতিটি কাজ মনিটরিং করার বিষয়ে সকলে মতদেন।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
০৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা ঃ** ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, প্রাপ্ত মাধ্যমিক পর্যায়ের বই বিতরণ হয়েছে। ২) জাতীয় স্কুল , মাদ্রাসা ও কারিগরী শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলা ভালভাবে সম্পন্ন হয়েছে। ৩) দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে বিদ্যামান সমস্যা উল্লেখ করে তা সমাধানের রুপরেখা জানিয়ে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৯	**উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দৌলতপুর উপজেলার প্রাথমিক বৃত্তি/২০২২ পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। তাছাড়া প্রাথমিক স্তরের সকল পাঠ্যপুস্তক সামান্য বিলম্ব হলেও চলে এসেছে এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ্য পুস্তক বিতরণ হয়েছে। কোভিড -১৯ এর টিকার ২য় ডোজ চলছে। বছরের শুরু থেকে অধিদপ্তর কর্তৃক প্রনীত রুটিন মাফিক পাঠদান চলছে। উল্লেখ্য দৌলতপুর উপজেলায় রাজস্ব ও নব্য সৃষ্ট পদে ১৫৫ জন শিক্ষক যোগদান করছে।	উপজেলা শিক্ষা অফিসারকে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়। পরিদর্শনে যদি কোন ব্যর্তয় ধরা পড়ে তবে নিয়মানুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১০	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভি ডব্লিউ ডি ও মাতৃত্ব কালীন ভাতা অনলাইন কার্যক্রম শুরু চলছে ২। তিন মাস মেয়াদী প্রশিক্ষনে ভার্মিকম্পোষ্ট, মৌচাষ ২৫ জন ও ২৫ জন ফ্যাশান ডিজাইন ট্রেডে মোট ৫০ জন প্রশিক্ষন নিচ্ছে নিয়োগের আবেদন চলছে ৩। কিশোরকিশোরী ক্লাব কার্যক্রম চলমান। সপ্তাহে ২দিন সংগীত, আবৃত্তি প্রশিক্ষন চলমান। । সেখানে শিশুদের বিনোদনের জন্য বিভিন্ন ব্যবস্থা রয়েছে।	প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থী যাচাই-বাছাই,প্রশিক্ষনের ক্ষেত্রে নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালন এবং প্রশিক্ষন তদারকি ও মনিটরিং বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	মহিলা বিষয়ক কর্মকর্তা
১১	**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৭৯ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৪৬৪৪ জন, ৪) মোট শেয়ার জমা ২২,৮১,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৮১,৭১,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৮,৭১,৭৬,০০০/-, ৭) ঋণ আদায় ৩৬,১২,৪৪,০০০/-, ৮) কর্জ আদায় (ক) চলতিঃ ২১৪০৮০০০ /= (খ) খেলাপী ঃ ৩৯২১০০০/= (গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৩ %" অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্নকর্ম সংস্থান প্রকল্প" গ্রহিতার সংখ্যা ঃ ৯৫ জন ঋণ বিতরণ ঃ ৬১,০২,০০০/= ঋণ আদায় ঃ ৪২,৮৭,০০০, ঋণ চলতি ঃ ৫,৫১,০০০/= ঋণ খেলাপী ঃ ১২,৬৪,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৭০%।	বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়টি গুরুত্ব সহকারে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা দ্রুত আদায়ের উদ্যোগ গ্রহন করতে হবে। প্রয়োজনে আইনি আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের	নলকুপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ	উপজেলা জনস্বাস্থ্য

	আওতায় বিভিন্ন ধরনের নলকূপ স্থাপন কাজ চলমান । ২) । GPs, NNGPS ও PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মাণ কাজ চলমান। ৩) ইউনিয়ন পর্যায়ে পানির আর্সেসিক পরীক্ষার কাজ চলমান। ৪) বিশুদ্ধ পানি সরবরাহ ও প্রয়োজনীয়তা সম্পর্কে জনগনকে অবহিত করন ও স্বাস্থ্য বিধি সম্পর্কে ধারনা প্রদান করা হচ্ছে। ৫) দাপ্তরিক অন্যান্য সেবা মূলক কার্যক্রম চলমান আছে।	মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।	কর্মকর্তা দৌলতপুর
১৩	**উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগ প্রধানতঃ নিরাপদ মৎস্য উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণ এর কাজ করে থাকে। এজন্য যা যা প্রয়োজনীয় বিশেষ করে চাষিদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান, ঋণ প্রদান, প্রদর্শন খামার বাস্তবায়ন, জলাশয় সংস্কার ইত্যাদি।	যথাযথ নিয়ম প্রতিপালন করে যেন উপকারভোগী সরকারী বিভিন্ন কর্মসূচীতে প্রকৃত উপকারভোগী যেন নির্বাচন হয় সে বিষয়ে সকলে মত দেন।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১৪	**উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের ২০২২-২০২৩অর্থ বৎসরের রাজস্ব খাতে অডিট ফি বাবদ ১,৩৮,৭৩০/-টাকা এবং সমবায় উন্নয়ন তহবিলের ৮২৬৯৪/- টাকা আদায় পূর্বক সরকারী কোষাগারে টেজারি চালানের মাধ্যমে জমা প্রদান ও ডি,ডির মাধ্যমে সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে। সিডিএফ বাবদ ৭৪৫১৭/-টাকা আদায় হয়েছে উক্ত টাকা ট্রেজারী ও ডি ডি মাধ্যমে ব্যাংকে জমা করা হয়েছে। মথুরাপুর ও সোনাইকুন্ডি আশ্রায়ন প্রকল্পের ঋন আদায় কার্যক্রম চলমান আছে। পাকুড়িয়া-০১ ও পাকুড়িয়া-০২ আশ্রায়ন প্রকল্পের ০২ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে।	সভায় সকল কার্যক্রমের সমন্বয় যথাযথভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া,অন্যান্য সকল কর্মসূচী বাস্তবায়নে যথাযথ নিয়ম/নীতিমালা অনুসরন করে আশ্রায়ণ প্রকল্পে ঋণ বিতরণের জন্য সভায় সকলে ঐকমত্য পোষন করেন।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৫	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২২ খ্রিঃ মাসে প্রাধান কার্যালয় থেকে প্রাপ্ত ঋণ তহবিল মোট প্রাপ্তি টাকার পরিমান ঃ ২৫৩৮৮০০/= ২) চলমান ঋণ বিতরণ- ৩৬০০০০/= ৩) এ বছরে মোট ঋণ বিতরণ ৩৪৫০০০০/= ৪) চলতি মাসে ঋণ আদায় ঃ ৬২৬৩৭৯/= ৫) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%। ৬) এ মাস পর্যন্ত মোট খেলাপী ঃ ২৪৩২১৩৫/= ৭) এ মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রাপ্ত ঃ ০ জন। ৮) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট প্রশিক্ষন ঃ ৯০৯৩ জন। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন।	ঋণ বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে ও প্রকৃত ঋণ প্রাপ্ত ব্যক্তি যেন ভালভাবে ঋণ কাজে লাগাতে পারে সে বিষয়টি দেখার জন্য বলা হয়। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপ/দলের নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা আদায়ে দ্রুত উদ্যোগ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৬	উপজেলা বন কর্মকর্তা বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, নিলামে চারা বিক্রি নভেম্বর/২২ মাসে চারা বিক্রি হয় ১৭১ টি এবং রাজস্ব আদায় হয় ১৫৭৫ টাকা। কাতলামারি হতে খলিসাকুন্ডি রাস্তা সম্প্রসারণ হবে তাই রাস্তার পাড়ের (সিডলিং) কিঃমিঃ দুইটি বাগানের গাছ মাকিং পরিমাণ সম্পর্ন এবং লট তৈরি করা হয়েছে। উক্ত লটসহ ঝড়েপড়া সহ সকল মেয়াদ উত্তৃন্ন বাগান পর্যায়ক্রম টেন্ডারে বিক্রি করা হবে।	অবৈধভাবে গাছ কাটা হলে যথাযথ মনিটরিং ও প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। আশ্রায়ণ প্রকল্পে ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা
১৭	চেয়ারম্যান প্রাগপুরঃ চেয়ারম্যান প্রাগপুর সভায় জানান যে, শহীদ কছি সড়ক দীর্ঘদিন ধরে পড়ে আছে কার্পেটিং হয়নি, দ্রুত কাজ শেষ করার জন্য সভায় অনুরোধ করেন।	আলোচনান্তে উপজেলা শহীদ কচি সড়ক দ্রুত কার্পেটিং করার জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়।	উপজেলা প্রকৌশলী
১৮	চেয়ারম্যান মথুরাপুর ঃ চেয়ারম্যান মথুরাপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে হরিশংকরা তহহাট হোসেনাবাদ বাজারের রাস্তার পাশ দিয়ে বসে যার ফলে সড়কে দূর্ঘটনা ঘটছে বিধায়	বিস্তারিত আলোচনান্তে হরিশংকরা তহহাটটি মথুরাপুর বাজারের রাস্তায় না বসিয়ে আপাতত পার্শ্বে ফাঁকা	চেয়ারম্যান মথুরাপুর

	হাটটি অন্যত্র স্থানান্তর করার জন্য সভায় আলোচনা করেন।	জায়গায় স্থানআন্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
১৯	চেয়ারম্যান রামকৃষ্ণপুর ইউনিয়নঃ চেয়ারম্যান রামকৃষ্ণপুর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বন্যার কারনে রাস্তাঘাট ভেঙ্গে গেছে মেরামত করার জন্য সভায় আলোচনা করেন।	দ্রুত প্রকল্প /কর্মসূচির আওতায় মেরামত করার সিদ্ধান্ত হয়।	উপজেলা প্রকৌশলী
	চেয়ারম্যান চিলমারী ইউনিয়নঃ চেয়ারম্যান চিলমারী ইউপি সভায় জনান যে, তাঁর ইউনিয়নে বন্যায় রাস্তাঘাট ভেঙ্গে গেছে মেরামত করার জন্য সভায় আলোচনা করেন। তিনি আরও জানান যে, অত্র উপজেলার সার ডিলার অনেক আগে নিয়োগ হয়েছে যারা সঠিকভাবে কাজ করে না নতুন ভাবে ডিলার নিয়োগের জন্য প্রস্তাব করেন।	আলোচনান্তে উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহন করবেন এবং সার ডিলার নিয়োগের বিষয়ে উপজেলা কৃষি অফিসার বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন।	
২০	চেয়ারম্যান রিফাইতপুর ইউপিঃ ক) চেয়ারম্যান রিফাইতপুর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে গাজিপুর তহহাটের হাট বাজার খাতের ১০% অর্থ দ্বারা (উন্নুন্নয়ন হাটের উন্নয়ন) উক্ত হাটের টয়লেট ও প্রসাবখানা নির্মাণের জন্য সভায় আলোচনা করেন। খ) তিনি আরো জানান যে, রিফাইতপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে পরিত্যক্ত যাত্রী ছাউনি আছে উক্ত পরিত্যক্ত যাত্রী ছাউনি অপসারনের জন্য সভায় আলোচনা করেন।	ক) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে গাজিপুর তহহাটের হাট বাজার খাতের ১০% অর্থ দ্বারা উক্ত হাটের টয়লেট ও প্রসাবখানা নির্মাণের জন্য ২,০০,০০০/=(দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত হয় এবং বরাদ্দকৃত অর্থের বিপরীতে উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করে পিআইসির মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রিফাইতপুর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে পরিত্যক্ত যাত্রী ছাউনি অপসারনের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে নিলামের মাধ্যমে অপসারন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী
২১	**চেয়ারম্যান দৌলতপুর ইউনিয়ন পরিষদঃ** ক) সভায় জনান যে, তাঁর ইউনিয়নের বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতা অনেকেই পাইনা এবং সমাজসেবা অফিসের স্টাফদের আত্নীয় স্বজনের নামে অনেক ভাতার টাকা চলে যাচ্ছে বলে অভিযোগ আনেন এবং সভায় এ বিষয়ে সমাজসেবা অফিসারের ভূমিকা নিয়ে তীব্র সমালোচনা করেন।	ক) উপজেলা সমাজসেবা অফিসার-কে বিষয়টি দ্রুত তদন্ত করে যথাযথভাবে সঠিকভাবে করার জন্য বলা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
২২	চেয়ারম্যান ফিলিপনগর ঃ চেয়ারম্যান ফিলিপনগর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে অনেক জেলে আছে কিন্তু প্রকৃত জেলে না হয়ে কিভাবে গরু পাই তা নিয়ে সভায় আলোচনা করেন।	বিষয়টির উপর আলোচনা করেন এবং উপজেলা মৎস্য অফিসারকে ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়। এখন থেকে সকল স্কীম গ্রহন এর ক্ষেত্রে লিখিত ও সিল-স্বাক্ষর সম্বলিত তালিকা গ্রহণের জন্য সভায় সকলে মতদেন।	উপজেলা মৎস্য অফিসার
২৩	চেয়ারম্যান পিয়ারপুরঃ চেয়ারম্যান পিয়ারপুর ইউপি সভায় জানান যে, পিয়ারপুর ইউনিয়নের বালিয়াশিশা তহহাট, শেরপুর তহহাট ও হলুদবাড়িয়া তহহাটের হাটবাজার ইজারার ১৫% অর্থ দ্বারা উক্ত হাটগুলোর নিম্নবর্ণিত কাজগুলো সম্পন্ন করার জন্য সভায় আলোচনা করেন। খ) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে	বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে পিয়ারপুর ইউনিয়নের বালিয়াশিশা তহহাটের হাটবাজার ইজারার ১৫% অর্থ দ্বারা উক্ত হাটের ১। বালিয়াশিশা তহহাটের টয়লেট নির্মান বাবদ ২,০০,০০০/=(দুই	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী

	পুকুরপাড়ে সৌন্দর্য বর্ধণের জন্য বর্তমান উপজেলা নির্বহী অফিসার বিভিন্ন উদ্যোগ গ্রহন করেছেন। সৌন্দর্য বর্ধনে সকলের সহযোগীতার জন্য সভায় আলোচনা করেন।	লক্ষ) টাকা ২। বালিয়াশিশা তহহাটের প্রসাবখানা নির্মান ও নলকুপ স্থাপন বাবদ ২০০০০০/= (দুই লক্ষ) টাকা। এবং ৩। বালিয়াশিশা তহহাটের মাটি ও বালিভরাট বাবদ ১,৭০,০০/=(এক লক্ষ সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। **শেরপুর তহহাটঃ** শেরপুর তহহাটের হাটবাজার খাতের ১৫% অর্থ দ্বারা শেরপুর তহহাটের ফ্লাট সোলিং বাবদ ২,০০,০০০/=(দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। **হলুদবাড়িয়া তহহাটঃ** হলুদবাড়িয়া তহহাটের হাটবাজার খাতের ১৫% অর্থ দ্বারা ফ্লাট সোলিং বাবদ ২,০০,০০০/=(দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বরাদ্দকৃত অর্থের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প সভাপতির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। খ) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরপাড়ের সৌন্দর্য বর্ধণের জন্য সরকারী বরাদ্দের পাশাপাশি স্থানীয় সহযোগিতার মাধ্যমে পার্কের কার্যক্রম সমাপ্ত কারা জন্য সভায় সকলে একমত পোষন করেন।	
২৪	**উপজেলা নির্বাহী অফিসার** ঃ ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কৃষি অফিস ও ডরমেটরী ভবন জরাজীর্ণ ছিল বিধায় সেখানে কোন ভাড়া নেওয়া হতো না। কিন্তু ভবন দুটি মেরামত করা হয়েছে এখন উক্ত ভবন দুটির ভাড়া নির্ধারনের জন্য সভায় আলোচনা করেন।	ক) বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে কৃষি অফিস ভবনের ভাড়া প্রতি মাসে ১০,০০০/=(দশ হাজার) এবং ডরমেটরী ভবনের ছিট প্রতি ৫০০/= (পাঁচশত) টাকা প্রতি মাসে ভাড়া নির্ধারণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং ০১/০১/২০২৩ তারিখ থেকে তা কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৫	ক) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ ক) সভায় তিনি জানান যে, তাঁর ডিসেম্বর/২০২২ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং ফেব্রুয়ারি/২০২৩ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।	ক) সভায়, ডিসেম্বর/২০২২ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০৬২৫/=(দশ হাজার ছয়শত পচিশ) টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ৬৫০০/= টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং ফেব্রুয়ারি/২০২৩ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৬	চেয়ারম্যান উপজেলা পরিষদ ঃ ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভার শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে তিনি	ক) আগামী ২১শে ফেব্রুয়ারি/২৩ ভাষার মাস যথাযথ মর্যাদায় পালনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

	জানান যে, আগামী মাস ফেব্রুয়ারি ভাষার মাস যথাযথ মর্যাদায় পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।		
২৭	ডিসেম্বর/২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে । ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ৪০,০০০/= খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫৪,০০০/= গ) উপজেলা চেয়ারম্যান এরঁ ভ্রমন বিল ১০,৬২৫/= ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/= ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২২,০০০/= চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৪,৯৮৫/= ছ) উপজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ৩০,০০০/= জ) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্য বাবদ বিল ২৫,০০০/= ঝ) উপজেলা পরিষদের স্ক্যানার ক্রয় বাবদ বিল ১৫,৪০০/= ঞ) দৌলতপুর, উপজেলা পরিষদের ব্যবহৃত জীপগাড়ি নং কুষ্টিয়া ঘ ১১-০০৩০ এর, অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত জ্বালানী তেল ও মবিল বদলী করণ ১,০৫,১৯৩/= ট) উপজেলা পরিষদের চেয়ারম্যান স্যারেরর অফিস ও বাসার সেপ্টেম্বর/২০২১ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত টেলিফোন ৫,৬০৮/=	আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.৫০৩৯.০৩৯.৪০.০০১.২৩-০৪(৪০)

তারিখ ঃ ১৭ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা-------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান ------------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

৩১/০১/২০২৩

(মোঃ আব্দুল জব্বার)
পরিচিতি নং - ২০৬১৯
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।